রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৭, ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৮ মোতাবেক ০৭ জুন, ২০২১

নিম্নলিখিত বিলটি ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৮ মোতাবেক ০৭ জুন, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১৪/২০২১

## ২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু ২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **২০২০-২০২১ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৩৯৮৭,২৭,৩২,০০০ (তেরো হাজার নয়শত সাতাশি কোটি সাতাশ লক্ষ বত্রিশ হাজার) টাকা প্রদান।**—২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলে কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **১৩৯৮৭,২৭,৩২,০০০ (তেরো হাজার নয়শত সাতাশি কোটি সাতাশ লক্ষ বত্রিশ হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।


**মূল্য :** টাকা ৪.০০

## তফসিল
## (ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

**(অংকসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৪৮২,০৩,১২ | ৪৮২,০৩,১২ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ৯,৭০,৮৫ | ৯,৭০,৮৫ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | -৮৯৩২,৮২ | ১৬৮,৪২,০০ | ৭৯,০৯,১৮ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ২০৫,৫৯,৪৩ | ২০৫,৫৯,৪৩ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ২৪২,৭৫,২১ | ২৪২,৭৫,২১ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ৬,৭৪,২৭ | ৬,৭৪,২৭ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ১৪২,৮৪,২০ | ১৪২,৮৪,২০ |
| ২১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ১০০৫,১৫,৫৬ | ১০০৫,১৫,৫৬ |
| ২৪ | স্বাস্থ্য সেবা বিভাগ | ০ | ২৮৫০,৪৮,১৩ | ২৮৫০,৪৮,১৩ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৪৮৯,৩৭,৩৬ | ৪৮৯,৩৭,৩৬ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৩৮৪,৫১,৪৫ | ৩৮৪,৫১,৪৫ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ২৮৯০,৪৫,৩০ | ২৮৯০,৪৫,৩০ |
| ৩৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ১,৪০,৬৩ | ১,৪০,৬৩ |
| ৩৬ | শিল্প মন্ত্রণালয় | ০ | ৫৬৫,৩৭,২৩ | ৫৬৫,৩৭,২৩ |
| ৩৮ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ১৯০৫,৬৮,৪৪ | ১৯০৫,৬৮,৪৪ |
| ৪১ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ০ | ৩৩২,৭৮,৬৩ | ৩৩২,৭৮,৬৩ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ১০৩৯,৯৯,২৫ | ১০৩৯,৯৯,২৫ |
| ৪৭ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ৩,০০,০০ | ৬৭৩,৬২,১৬ | ৬৭৬,৬২,১৬ |
| ৪৯ | নৌপরিবহন মন্ত্রণালয় | ০ | ৬৭৬,৬৬,৯২ | ৬৭৬,৬৬,৯২ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **-৮৬৩২,৮২** | **১৪০৭৩,৬০,১৪** | **১৩৯৮৭,২৭,৩২** |

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত সম্পূরক ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

**আ হ ম মুস্তফা কামাল**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd